# বার্ষিক প্রতিবেদন

## ২০১৪-২০১৫




## বিচার প্রশাসন প্রশিড়্গাণ ইনস্টিটিউট

## ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

Judicial Administration Training Institute

Knowledge for Justice

1996

# বার্ষিক প্রতিবেদন

**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন,
১৯৯৫ এর ১৫ ধারা অনুযায়ী ইনস্টিটিউট কর্তৃক
২০১৪-২০১৫ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ**

# সূচীপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| মুখবন্ধ | | ১ |
| প্রথম পরিচ্ছেদ | | ২-৩ |
| ১.১ | ভূমিকা | ২ |
| ১.২ | ইনস্টিটিউটের পরিচালনা বোর্ড | ২ |
| দ্বিতীয় পরিচ্ছেদ<br>ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারী | | ৪-৫ |
| ২.১ | ইনস্টিটিউটের মুখ্য নির্বাহী কর্মকর্তা | ৪ |
| ২.২ | গত অর্থ বছরে ইনস্টিটিউটে যোগদান ও বদলীকৃত কর্মকর্তাবৃন্দ | ৪ |
| ২.৩ | ইনস্টিটিউটের কর্মকর্তা ও তাদের দায়িত্ব | ৫ |
| ২.৪ | ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারী | ৫ |
| ২.৫ | আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত কর্মচারী | ৫ |
| তৃতীয় পরিচ্ছেদ | | ৬-৮ |
| ৩.১ | হিসাব রক্ষণ ও নিরীক্ষা | ৬ |
| ৩.২ | ২০১৪-১৫ অর্থ বৎসরের রাজস্ব খাতের হিসাব বিবরণী | ৬ |
| চতুর্থ পরিচ্ছেদ<br>প্রশিক্ষণ | | ৯-১৫ |
| ৪.১ | প্রাক প্রশিক্ষণ কার্যক্রম | ৯ |
| ৪.২ | কোর্স ব্রসিউর | ৯ |
| ৪.৩ | প্রশিক্ষণ পরিচালনা ও প্রশিক্ষণ পদ্ধতি | ৯ |
| ৪.৪ | কম্পিউটার প্রশিক্ষণ | ১০ |
| ৪.৫ | ২০১৪-২০১৫ অর্থ বছরে পরিচালিত প্রশিড়্গাণ কোর্সসমূহ | ১০ |
| ৪.৬ | ২০১৪-২০১৫ অর্থবছরে অনুষ্ঠিত ওয়ার্কশপ/সেমিনারসমূহ | ১১ |
| ৪.৭ | রিসোর্স পার্সনগণ কর্তৃক গৃহীত অধিবেশনের বিবরণ | ১১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ৪.৮ | অনুষদ সদস্যগণ কর্তৃক গৃহীত অধিবেশনের বিবরণ | ১২ |
| ৪.৯ | প্রশিক্ষণার্থীদের Training Impact Assessment এর বিবরণী | ১২ |
| ৪.১০ | কোর্স উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানসমূহ | ১৪ |
| পঞ্চম পরিচ্ছেদ<br>প্রশাসন, সংগঠন ও ব্যবস্থাপনা | | ১৬-১৮ |
| ৫.১ | প্রশাসন, সংগঠন, ব্যবস্থাপনা এবং নিয়োগ | ১৬ |
| ৫.২ | প্রবিধানমালা ও নিয়োগ পদ্ধতি | ১৬ |
| ৫.৩ | পরিচালনা পরিষদের সভা | ১৬ |
| ৫.৪ | ভবন উর্দ্ধমূখী সম্প্রসারণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ | ১৭ |
| ৫.৫ | JATI Complex সম্প্রসারণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ | ১৭ |
| ৫.৬ | ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন | ১৭ |
| ৫.৭ | বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে MoU স্বাক্ষর ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ | ১৭ |
| ৫.৮ | ওয়েব সাইট তৈরী এবং ই-লাইব্রেরী প্রতিষ্ঠা | ১৮ |
| ষষ্ঠ পরিচ্ছেদ<br>গবেষণা ও প্রকাশনা | | ১৯-২০ |
| ৬.১ | প্রকাশনা | ১৯ |
| ৬.২ | ইনস্টিটিউটের গ্রন্থাগার | ২০ |
| সপ্তম পরিচ্ছেদ | | ২১-২২ |
| উপসংহার | | ২১ |
| পরিশিষ্ট | | ২২ |

# মুখবন্ধ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ১৯৯৫ ইং সনের ১৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি বিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠান। উক্ত আইনের ১৫ ধারা অনুযায়ী প্রতি অর্থ বৎসরে সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করার বিধান রয়েছে। তারই ধারাবাহিকতায় বিগত ২০১৪-২০১৫ অর্থ বৎসরে সম্পাদিত কার্যাবলীর একটি খতিয়ান সরকারের নিকট উপস্থাপন করার জন্য এ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় শাসন বিভাগ, আইন বিভাগ ও বিচার বিভাগের ভূমিকা অপরিসীম। মূলত সরকারের তিনটি বিভাগের সমন্বয়েই একটি কল্যাণমূলক রাষ্ট্র গঠন হতে পারে। বিচার বিভাগ যে কোন প্রেক্ষাপটে অন্য দু'টি বিভাগ হতে আলাদা এবং স্বকীয়তায় পরিপূর্ণ। একটি রাষ্ট্রের আইন-শৃঙ্খলার উন্নয়ন এবং সুশাসনের জন্য বিচার বিভাগের ভূমিকা অপরিসীম। এ প্রেক্ষাপটে ন্যায় বিচার প্রতিষ্ঠায় যথাযথ ভূমিকা রাখার লক্ষ্যে দক্ষ বিচারক গড়ার নিমিত্ত অত্র ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে।

বিগত অর্থ বছরে সহকারী জজ, সিনিয়র সহকারী জজসহ ম্যাজিস্ট্রেট, যুগ্ম জেলা ও দায়রা জজ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ এবং জেলা ও দায়রা জজ ছাড়াও পাবলিক প্রসিকিউটর ও সরকারি কৌশুলীদের জন্য অত্র প্রতিষ্ঠান বেশ কিছু প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে। ২০১৪-২০১৫ অর্থ বৎসরে সর্বমোট ১৬ টি প্রশিক্ষণ কোর্সে ৫১১ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন। অধিকন্তু, প্রশিক্ষণকে মান সম্পন্ন ও যুগোপযোগী করার লক্ষ্যে বিগত অর্থ বছরে UNDP-এর অর্থায়নে পরিচালিত Justice Sector Facility (JSF) এবং Judicial Strengthening (JUST) Project-এর সাথে অত্র ইনস্টিটিউটের দুটি পৃথক MoU স্বাক্ষরিত হয়। উক্ত MoU এর আওতায় অত্র ইনস্টিটিউট Justice Sector Facility (JSF) হতে আধুনিক প্রশিক্ষণ সামগ্রীর অংশ হিসেবে বিভিন্ন প্রকার ICT Equipment লাভ করে। এছাড়াও একই প্রকল্পের আওতায় ইনস্টিটিউটের প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে ১০টি পৃথক মডিউল প্রস্তুত করার জন্য একজন কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে। অধিকন্তু, UNDP-এর অর্থায়নে অত্র প্রতিষ্ঠানের জন্য পাঁচ বছর মেয়াদী একটি স্ট্রেটেজিক পস্ন্যান প্রণয়ন করা হয়েছে। এছাড়া JUST Project-এর আওতায় সহকারী জজ/সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য Case Management শীর্ষক প্রশিক্ষণ কোর্স এবং USAID-এর Justice for All Program শীর্ষক প্রকল্পের অধীনে যুগ্ম জেলা জজ ও অতিরিক্ত জেলা জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য Court Administration and Case Management ও Training of Trainers-শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়।

বিচার বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পাওয়ার বর্তমানে একই সাথে একাধিক প্রশিক্ষণ কোর্স আয়োজনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এরই প্রেক্ষাপটে ইতোমধ্যে ভবনটির ৯ম তলা হতে ১২তম তলা পর্যন্ত্ম উদ্ধমূখী সম্প্রসারণের লক্ষ্যে নকশা প্রণয়ন করা হয়েছে এবং ২৬তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে ভবনের উত্তর পাশের জমি ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

এ প্রতিবেদনে ২০১৪-২০১৫ অর্থ বৎসরে অত্র ইনস্টিটিউটের সম্পাদিত কার্যাবলীর একটি লেখ চিত্র অংকন করা হয়েছে যা থেকে ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম এবং ভবিষৎ পরিকল্পনা সম্পর্কে ধারণা পাওয়া সম্ভব হবে। ইনস্টিটিউটের কার্যক্রম সম্পর্কে সংশিস্নষ্ট সকলের মূল্যায়ন ও এর উন্নয়ন কল্পে বাস্ত্মবসম্মত প্রস্ত্মাব পেলে ইনস্টিটিউট তা রূপায়নে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করবে।

তারিখঃ  /১০/২০১৫ খ্রিঃ

**(বিচারপতি খোন্দকার মূসা খালেদ)**
মহাপরিচালক
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট

# প্রথম পরিচ্ছেদ

## ১.১ ভূমিকা ঃ

বিচার কর্ম বিভাগে নিযুক্ত ব্যক্তি, সরকারি মামলা পরিচালনার দায়িত্ব পালনকারী আইন কর্মকর্তা এবং বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক সংরক্ষিত তালিকায় অন্তর্ভূক্ত এডভোকেট, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের অধঃস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান, আইন এবং বিভিন্ন প্রকার আইনগত দলিলের খসড়া প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন ও পরিচালনা, আন্তর্জাতিক সাহায্য সংস্থার সহযোগিতায় আইন এবং বিভিন্ন প্রকার আইনগত দলিলের খসড়া প্রণয়ন বিষয়ে বিভিন্ন দেশের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান, আদালত ব্যবস্থাপনা সম্পর্কে গবেষণা এবং তথ্যানুসন্ধান করা এবং উক্তরূপ গবেষণা ও তথ্যানুসন্ধানলব্ধ তথ্যাদি প্রকাশ, বিচার ব্যবস্থা ও বিচার কার্যের গুণগত মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, ওয়ার্কশপ ও সিম্পোজিয়ামের আয়োজন ও পরিচালনা, বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা বিষয়ে সাময়িকী, প্রতিবেদন ইত্যাদি প্রকাশ, বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা সম্পর্কিত যে কোন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান, এই আইনের অধীন প্রশিক্ষণের পাঠক্রম ও অধ্যয়নের বিষয় নির্দিষ্ট করা এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি নির্ধারণ, ইনস্টিটিউটে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণকে সার্টিফিকেট প্রদান, লাইব্রেরী ও পাঠাগার স্থাপন ও এবং পরিচালনা, বিচার প্রশাসন ব্যবস্থাকে সক্রিয় করার উদ্দেশ্যে বিধি দ্বারা নির্ধারিত যে কোন কাজ এবং উক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ (১৯৯৫ সালের ১৫ নং আইন) প্রণয়ন করা হয়। তৎকালীন ও বাংলাদেশের বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৭ সনের ১লা মার্চ অত্র ইনস্টিটিউট ও এর প্রথম প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন করেন। তারই ধারাবাহিকতায় অত্র ইনস্টিটিউট এর প্রতিটি কর্তব্যকর্ম সম্পাদন করে আসছে।

## ১.২ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ড ঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ এর ৫ ধারার বিধান মোতাবেক ইনস্টিটিউট পরিচালনা ও এর প্রশাসনের দায়িত একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত রয়েছে। পরিচালনা বোর্ডের বিগত ২২/০২/২০০৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৪তম সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (সংশোধন) আইন, ২০০৬ (২০০৬ সনের ৯ নং আইন) জাতীয় সংসদ কর্তৃক পাশ হয়। উক্তরূপ সংশোধনের প্রেক্ষিতে ঐ আইনের ৬ ধারা অনুসারে বর্তমানে ইনস্টিটিউটের পরিচালনা বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হয়েছে ঃ

(ক) বাংলাদেশের প্রধান বিচারপতি, যিনি পদাধিকার বলে এর চেয়ারম্যান;
(খ) প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টে কর্মরত বা উক্ত কোর্টের অবসরপ্রাপ্ত দু'জন বিচারক, যাদের মধ্যে প্রবীনতম বিচারক ভাইস-চেয়ারম্যান হবেন;
(গ) বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল, সদস্য, পদাধিকার বলে;
(ঘ) ইনস্টিটিউটের মহাপরিচালক, সদস্য, পদাধিকার বলে;
(ঙ) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, সদস্য, পদাধিকার বলে;
(চ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সদস্য, পদাধিকার বলে;
(ছ) সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সদস্য, পদাধিকার বলে;
(জ) রেক্টর, বাংলাদেশ পাবলিক এডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার, সদস্য, পদাধিকার বলে;

(ঝ) রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, সদস্য, পদাধিকার বলে;

(ঞ) জেলা ও দায়রা জজ, ঢাকা, সদস্য, পদাধিকার বলে;

(ট) ডীন, আইন অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, সদস্য, পদাধিকার বলে;

(ঠ) ডীন, আইন অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, সদস্য, পদাধিকার বলে;

(ড) ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ বার কাউন্সিল, সদস্য, পদাধিকার বলে;

(ঢ) সভাপতি, সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশন, সদস্য, পদাধিকার বলে;

(ণ) ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন), সদস্য-সচিব ।

আইনের ৬ (ক) ধারার বিধান অনুযায়ী আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী বোর্ডের উপদেষ্টা হবেন। পরিচালনা বোর্ড কর্তৃক প্রার্থিত এবং এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে যে কোন বিষয়ে তিনি পরামর্শ প্রদান করতে পারবেন। উপদেষ্টা, প্রয়োজনবোধে, বোর্ডের যে কোন সভায় উপস্থিত থাকতে পারবেন মর্মেও উক্ত আইনে সুস্পষ্ট উলেস্নখ রয়েছে।

# দ্বিতীয় পরিচ্ছেদ

## ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারী

### ২.১ ইনস্টিটিউটের মুখ্য নির্বাহী কর্মকর্তা ঃ

বিচার প্রশাসন পশিক্ষ্রাণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ এর ১১(৪) ধারা অনুযায়ী মহাপরিচালক ইনস্টিটিউটের সার্বক্ষ্রাণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। বিচার প্রশাসন প্রশিক্ষ্রাণ ইনস্টিটিউট আইনের ১১(১ক) ধারার বিধান অনুসারে সুপ্রীম কোর্টের বিচারক বা বিচারক ছিলেন বা বিচারক হওয়ার যোগ্য কোন ব্যক্তি ইনস্টিটিউটের মহাপরিচালক হবেন। ১১(৪) ধারার বিধান অনুযায়ী তিনি বোর্ডের সিদ্ধান্স্ত বাস্স্তবায়ন এবং বোর্ডের নির্দেশ মোতাবেক ইনস্টিটিউটের অন্যান্য কার্য সম্পাদন করবেন। সরকার কর্তৃক গত ২৯/০৩/২০১৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০৩.১৫-৪৩৯ নং স্মারকমূলে পুনরায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি জনাব খোন্দকার মূসা খালেদ-কে ইনস্টিটিউটের মহাপরিচালক পদে ২ বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। উলেস্নখ্য, বর্তমান মাননীয় মহাপরিচালক বিগত ২০/০৫/২০১৩ খ্রিঃ তারিখ হতে অত্র ইনস্টিটিউটে মহাপরিচালক পদে কর্মরত রয়েছেন। মহাপরিচালকের নিয়োগ এবং পরবর্তীতে উক্ত নিয়োগের মেয়াদ বৃদ্ধি সংক্রান্স্ত প্রজ্ঞাপনদ্বয় ***সংযোজনী-১ এবং ১ (ক)*** এ দেখানো হলো।

### ২.২ বিগত অর্থ বছরে ইনস্টিটিউটে যোগদান ও বদলীকৃত কর্মকর্তাবৃন্দ ঃ

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, পাবনা-এর বিচারক (জেলা জজ) জনাব মোঃ সফিকুল ইসলাম বিগত ০১/০৯/২০১৪ খ্রিঃ তারিখে পরিচালক (প্রশিক্ষ্রাণ) পদে অত্র ইনস্টিটিউটে যোগদান করেন এবং জেলা ও দায়রা জজ, মৌলভীবাজার পদে পদোন্নতিপ্রাপ্ত হয়ে বিগত ১৬/০৪/২০১৫ খ্রিঃ তারিখে অত্র ইনস্টিটিউটে দায়িত্বভার অর্পন করেন। অতঃপর বিচারক (জেলা জজ) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২, চট্টগ্রাম জনাব মীর শফিকুল আলম বিগত ২৯/০৬/২০১৫ খ্রিঃ তারিখে পরিচালক (প্রশিক্ষ্রাণ) হিসেবে উক্ত পদে যোগদান করেন। এছাড়াও অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ হাসানুল ইসলাম বিগত ১৫/০২/২০১৫ খ্রিঃ তারিখে পরিচালক (গবেষণা ও প্রকাশনা) পদে, আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ) জনাব আল আসাদ মোঃ মাহমুদুল ইসলাম বিগত ০৫/০৪/২০১৫ খ্রিঃ তারিখে সহকারী পরিচালক (প্রশিক্ষ্রাণ) পদে এবং কুড়িগ্রামের সিনিয়র সহকারী জজ জনাব নাহিদ নিয়াজী বিগত ২৯/০৩/২০১৫ খ্রিঃ তারিখে গবেষণা কর্মকর্তা পদে যোগদান করেন।

পরিচালক (প্রশিক্ষ্রাণ) হিসাবে কর্মরত জনাব ওসমান হায়দার বিগত ৩০/০৮/২০১৪ খ্রিঃ তারিখে অত্র ইনস্টিটিউট হতে অবসরোত্তর ছুটি (পিআরএল)-এ গমন করেন। এছাড়া পরিচালক (প্রশাসন) হিসেবে কর্মরত ড. মোঃ আখতারম্নজ্জামান জেলা জজ পদে পদোন্নতিপ্রাপ্ত হয়ে বিগত ২২/০৬/২০১৫ খ্রিঃ তারিখে অত্র ইনস্টিটিউটের দায়িত্বভার অর্পনক্রমে বিশেষ জজ পদে বিশেষ জজ আদালত-৫, ঢাকায় যোগদান করেন। অধিকন্তু, পরিচালক (গবেষণা ও প্রকাশনা) জনাব তাবাস্সুম ইসলাম বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মৌলভীবাজার পদে পদোন্নতিপ্রাপ্ত হয়ে বিগত ০৮/০২/২০১৫ খ্রিঃ তারিখে, জনাব আবদুলস্নাহ আল মামুন সিনিয়র সহকারী জজ, ফেনী পদে বদলী প্রাপ্ত হয়ে বিগত ১২/০১/২০১৫ খ্রিঃ তারিখে, জনাব আবেদা সুলতানা সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর পদে বদলী প্রাপ্ত হয়ে বিগত ২১/০১/২০১৫ খ্রিঃ তারিখে, জনাব নূরম্নল আলম মোহাম্মদ নিপু অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম পদে বিগত ২২/০৬/২০১৫ খ্রিঃ তারিখে এবং অডিট এন্ড একাউন্টস বিভাগ হতে প্রেষণে নিয়োজিত কর্মকর্তা জনাব মোঃ আইনুল হক ভূঞা বিগত ২৪/০৪/২০১৫ খ্রিঃ তারিখে অত্র ইনস্টিটিউটের সহকারী পরিচালক (হিসাব) পদের দায়িত্বভার অর্পনক্রমে স্ব-স্ব পদে যোগদান করেন।

**২.৩ ইনস্টিটিউটের কর্মকর্তা ও তাদের দায়িত্ব ঃ**

২০১৪-২০১৫ অর্থ বছরে জনাব মীর শফিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ), ড. মোঃ আখতারুজ্জামান, পরিচালক (প্রশাসন), জনাব মোঃ হাসানুল ইসলাম, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), জনাব এ.জি.এম. আল মাসুদ, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ও উপ-পরিচালক (পশিক্ষণ)(ভারপ্রাপ্ত), জনাব আলমগীর এস. রহমান, উপ-পরিচালক (প্রশাসন), জনাব আল আসাদ মোঃ মাহমুদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), জনাব ইফাত মুবিনা ইউসুফ, সহকারী পরিচালক (প্রশাসন), জনাব নাহিদ নিয়াজী, গবেষণা কর্মকর্তা এবং জনাব বিপস্নব কুমার কুরী, সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা) এবং সহকারী পরিচালক (হিসাব) (ভারপ্রাপ্ত) হিসাবে স্ব-স্ব পদে দায়িত্ব পালন করেছেন। এ ছাড়াও উক্ত অর্থ বছরে ইনস্টিটিউটের লাইব্রেরীয়ান পদে জনাব কামাল হোসেন এবং ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার পদে জনাব মোঃ শফিকুল ইসলাম দায়িত্ব পালন করেছেন।

**২.৪ ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারী ঃ**

অত্র ইনস্টিটিউটে কর্মকর্তা/কর্মচারীর মোট ৫৯টি পদ আছে, যার মধ্যে প্রথম শ্রেণীর কর্মকর্তা ১২ জন, দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা ২ জন এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী ৪৫ জন। কর্মকর্তা ও কর্মচারীর নামের তালিকা ***সংযোজনী-২*** এ দেখানো হল।

**২.৫ আউটসোসিং-এর মাধ্যমে নিয়োজিত ইনস্টিটিউটের কর্মচারী ঃ**

বর্তমানে অত্র ইনস্টিটিউটে আউটসোসিং-এর মাধ্যমে মোট ৪ জন কর্মচারী দায়িত্ব পালন করছে। এদের মধ্যে ২ জন পরিচ্ছন্ন কর্মী এবং ২ জন ডরমিটরী এটেনডেন্ট পদে কর্মরত রয়েছে।

# তৃতীয় পরিচ্ছেদ

**৩.১ হিসাব রক্ষণ ও নিরীক্ষা ঃ**

বিগত ১৩/২/২০০০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের ৭ম সভার সিদ্ধান্ত মোতাবেক পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (হিসাব) যৌথভাবে ইনস্টিটিউটের ব্যাংক হিসাব পরিচালনা করেন। সহকারী পরিচালক (হিসাব)-সহ হিসাব শাখায় কর্মরত একজন হিসাব রক্ষক, একজন ক্যাশিয়ার-কাম-হিসাব সহকারী ও একজন নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ইনস্টিটিউটের যাবতীয় আয়-ব্যয়ের সঠিক হিসাব রাখার কাজে নিয়োজিত আছেন।

**৩.২ ২০১৪-১৫ অর্থ বৎসরের রাজস্ব খাতের হিসাব বিবরণী ঃ**

২০১৪-১৫ অর্থ বৎসরে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের অনুকূলে বিভিন্ন খাতে সর্বমোট ৩,০৪,৯১,০০০/- (মাত্র তিন কোটি চার লক্ষ একানব্বই হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয় ***(সংযোজনী-৩)***। বরাদ্দকৃত টাকা হতে ২,৯৫,৫৮,৯৪৯.২৪ (মাত্র দুই কোটি পঁচানব্বই লক্ষ আটান্ন হাজার নয়শত উনপঞ্চাশ টাকা চব্বিশ পয়সা) টাকা ব্যয় হয়েছে এবং ৯,৩২,০৫১/-(মাত্র নয় লক্ষ বত্রিশ হাজার একান্ন) টাকা উদ্বৃত্ত রয়েছে। ২০১৪-১৫ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দ, খরচ, অতিরিক্ত ব্যয় ও উদ্বৃত্ত সম্বলিত বিবরণী নিম্নে প্রদান করা হলঃ-

| অর্থনৈতিক কোড বিবরণ | ২০১৪-২০১৫ অর্থ বৎসরে মোট বরাদ্দ (টাকা) | ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রকৃত ব্যয় (টাকা) | অতিরিক্ত ব্যয় (টাকা) | উদ্বৃত (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৫০১ অফিসারদের বেতন | ৫,৪১৩,০০০.০০ | ৫,৩৮১,৬০৭.৯৭ | | ৩১,৩৯২.০৩ |
| উপমোট | ৫,৪১৩,০০০.০০ | ৫,৩৮১,৬০৭.৯৭ | - | ৩১,৩৯২.০৩ |
| ৪৬০১ প্রতিঃকর্মঃবেঃ | ৪,১৫০,০০০.০০ | ৪,০৯১,৪৬৮.৯১ | | ৫৮,৫৩১.০৯ |
| উপমোট | ৪,১৫০,০০০.০০ | ৪,০৯১,৪৬৮.৯১ | - | ৫৮,৫৩১.০৯ |
| ৪৭০১ মহার্ঘভাতা | ১,৮৫৬,০০০.০০ | ১,৭৬২,৯২৬.৬৮ | | ৯৩,০৭৩.৩২ |
| ৪৭০৫ বাড়ী ভাতা | ৪,৭২১,০০০.০০ | ৪,৪৫৬,৮২৯.৫৫ | | ২৬৪,১৭০.৪৫ |
| ৪৭০৯ শ্রান্তি বিনোদন ভাতা | ২৫০,০০০.০০ | ১৫৪,৫৪০.০০ | | ৯৫,৪৬০.০০ |
| ৪৭১৩ উৎসব ভাতা | ১,৪৭২,০০০.০০ | ১,৪৭১,২৮৫.০০ | | ৭১৫.০০ |
| ৪৭১৭ চিকিৎসা ভাতা | ৪৯৪,০০০.০০ | ৪৮৬,১৮৫.০০ | | ৭,৮১৫.০০ |
| ৪৭২৫ ধৌত ভাতা | ১৯,০০০.০০ | ১৯,৮০০.০০ | ৮০০.০০ | - |
| ৪৭২৮ ডোমেস্টিক এইড এ্যাউন্স | ৪০,০০০.০০ | - | | ৪০,০০০.০০ |
| ৪৭৩৩ আপ্যায়ন ভাতা | ২৫,০০০.০০ | ৭,৯৭৪.০০ | | ১৭,০২৬.০০ |
| ৪৭৩৭ দায়িত্ব ভাতা | ৪২,০০০.০০ | ২১,০০০.০০ | | ২১,০০০.০০ |

| অর্থনৈতিক কোড বিবরণ | ২০১৪-২০১৫ অর্থ বৎসরে মোট বরাদ্দ (টাকা) | ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রকৃত ব্যয় (টাকা) | অতিরিক্ত ব্যয় (টাকা) | উদ্বৃত (টাকা) |
|---|---|---|---|---|
| ৪৭৫৫ টিফিন ভাতা | ৭৫,০০০.০০ | ৮০,৩৩২.০০ | ৫,৩৩২.০০ | - |
| ৪৭৬৫ যাতায়াত ভাতা | ৭৫,০০০.০০ | ৮০,৩৩২.০০ | ৫,৩৩২.০০ | - |
| ৪৭৭৩ শিক্ষা ভাতা | ১০০,০০০.০০ | ৯৭,০০০.০০ | | ৩,০০০.০০ |
| ৪৭৯৪ মোবাইল ভাতা | ২৪,০০০.০০ | ২৫,১৮১.০০ | ১,১৮১.০০ | - |
| ৪৭৯৫ অন্যান্য ভাতা | ১,২০০,০০০.০০ | ১,২৪৫,৯৬৫.৩৯ | ৪৫,৯৬৫.৩৯ | - |
| উপমোট | ১০,৩৯৩,০০০.০০ | ৯,৯০৯,৩৫০.৬২ | ৫৮,৬১০.৩৯ | ৫৪২,২৫৯.৭৭ |
| ৪৮০১ টিঃ এঃ ভ্রমণ ভাতা | ১৫০,০০০.০০ | ৮৪,০৪২.০০ | | ৬৫,৯৫৮.০০ |
| ৪৮০৩ আয়কর | - | - | | - |
| ৪৮০৪ আনুঃ প্রতিঃ ভাঃ | ৫,০০০.০০ | - | | ৫,০০০.০০ |
| ৪৮০৫ ওভার টাইম | ২০০,০০০.০০ | ১৯১,৭১৩.০০ | | ৮,২৮৭.০০ |
| ৪৮১০ পৌরকর | ১০,০০০.০০ | - | | ১০,০০০.০০ |
| ৪৮১১ ভূমিকর | ৫,০০০.০০ | - | | ৫,০০০.০০ |
| ৪৮১৫ ডাক | ১০,০০০.০০ | ১০,০০০.০০ | | - |
| ৪৭১৬ টি. এন্ড. টি. | ২৩০,০০০.০০ | ২২৯,৮৯৫.০০ | | ১০৫.০০ |
| ৪৮১৭ ইন্টারনেট | ৩৫০,০০০.০০ | ৩০৪,০০০.০০ | | ৪৬,০০০.০০ |
| ৪৮১৯ পানি | ৪৮০,০০০.০০ | ৪৫৭,৮৮৯.০০ | | ২২,১১১.০০ |
| ৪৮২১ বিদ্যুৎ | ২,২০০,০০০.০০ | ২,০৭৬,৭২৭.০০ | | ১২৩,২৭৩.০০ |
| ৪৮২২ গ্যাস ও জ্বালানী | ৫০,০০০.০০ | ৪৯,৩৮৫.০০ | | ৬১৫.০০ |
| ৪৮২৩ পেট্রোল ও লুব্রিকেন্ট | ৯০০,০০০.০০ | ৮৯৯,৬৭৬.০০ | | ৩২৪.০০ |
| ৪৮২৭ মুদ্রণ ও বাঁধাই | ১৫০,০০০.০০ | ১৪৬,৪২০.০০ | | ৩,৫৮০.০০ |
| ৪৮৩১ বই পত্র ও সাময়িকী | ৪৫০,০০০.০০ | ৪৪৯,৯৮৫.০০ | | ১৫.০০ |
| ৪৮৩৩ প্রচার ও বিজ্ঞাপন | ২৩,০০০.০০ | ২২,৯৫৯.০০ | | ৪১.০০ |
| ৪৮৩৬ ইউনিফর্ম | ৮৫,০০০.০০ | ৮০,২৭৮.০০ | | ৪,৭২২.০০ |
| ৪৮৪০ প্রশিক্ষণ ব্যয় | ৩,০০০,০০০.০০ | ২,৯৯৯,৯৯৬.০০ | | ৪.০০ |
| ৪৮৫১ শ্রমিক মজুরী | ৩০০,০০০.০০ | ২৯৬,৬২৯.৭৪ | | ৩,৩৭০.২৬ |
| ৪৮৬৯ চিকিৎসা ব্যয় | ১,০০০.০০ | - | | ১,০০০.০০ |
| ৪৮৮৩ সম্মানী ভাতা | ৬৬,০০০.০০ | ৬৪,৯৮০.০০ | | ১,০২০.০০ |
| ৪৮৮৮ কম্পিউটার সামগ্রী | ৩০০,০০০.০০ | ৩০০,০০০.০০ | | |

| অর্থনৈতিক কোড বিবরণ | ২০১৪-২০১৫ অর্থ বৎসরে মোট বরাদ্দ (টাকা) | ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রকৃত ব্যয় (টাকা) | অতিরিক্ত ব্যয় (টাকা) | উদ্বৃত্ত (টাকা) |
|---|---|---|---|---|
| | | | | - |
| ৪৮৯৯ অন্যান্য | ৮৫০,০০০.০০ | ৮৪৯,৯৯৯.০০ | | ১.০০ |
| উপমোট | ৯,৮১৫,০০০.০০ | ৯,৫১৪,৫৭৩.৭৪ | - | ৩০০,৪২৬.২৬ |
| ৪৯০১ মোটরযান মেরামত | ২৫০,০০০.০০ | ১৯২,৩৯৩.০০ | | ৫৭,৬০৭.০০ |
| ৪৯০৬ আসবাবপত্র | ৭০,০০০.০০ | ৬৯,৭৬০.০০ | | ২৪০.০০ |
| ৪৯১১ কম্পিউটার ও অফিস সরঞ্জাম | ১০০,০০০.০০ | ৯৯,৯৯৫.০০ | | ৫.০০ |
| উপমোট | ৪২০,০০০.০০ | ৩৬২,১৪৮.০০ | - | ৫৭,৮৫২.০০ |
| ৬৮২১ আসবাবপত্র ক্রয় | ৩০০,০০০.০০ | ২৯৯,৮০০.০০ | | ২০০.০০ |
| উপমোট | ৩০০,০০০.০০ | ২৯৯,৮০০.০০ | - | ২০০.০০ |
| সর্বমোট | ৩০,৪৯১,০০০.০০ | ২৯,৫৫৮,৯৪৯.২৪ | ৫৮,৬১০.৩৯ | ৯৯০,৬৬১.১৫ |

| | |
|---|---|
| **মোট বরাদ্দ** | =৩,০৪,৯১,০০০.০০ |
| **মোট খরচ** | =২,৯৫,৫৮,৯৪৯.২৪ |
| **নীট মোট উদ্বৃত্ত** | **=৯,৩২,০৫১.০০** |

| | |
|---|---|
| **সর্বমোট উদ্বৃত্ত** | **=৯,৯০,৬৬১.১৫** |
| **অতিরিক্ত ব্যয়** | **=৫৮,৬১০.৩৯** |
| **নীট মোট উদ্বৃত্ত** | **=৯,৩২,০৫১.০০** |

এ ছাড়াও অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, বাজেট শাখা-৩ এর বিগত ২৫/০৫/২০১৪খ্রিঃ তারিখের ০৭.১০৩.০২০.০৩.২১.০০৬.২০০৫-১৭২নং স্মারকযুক্ত পত্রের মাধ্যমে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন স্কীম প্রবর্তনের জন্য "এনডাউমেন্ট ফান্ড" হিসাবে বরাদ্দকৃত ১০.০০ (দশ কোটি) টাকা বিগত ১১/৬/২০১৪খ্রিঃ তারিখে সোনালী ব্যাংক লিঃ, সুপ্রীম কোর্ট শাখায় ০৭ (সাত) বৎসর মেয়াদী দ্বিগুণ মুনাফা স্কীমে বিনিয়োগ করা হয়। ২৮/১২/২০১৪ খ্রি: তারিখে এক্সাইজ ডিউটি বাবদ =৫,০০০/- টাকা কর্তন করায় স্থিতির পরিমাণ দাঁড়ায় =৯,৯৯,৯৫,০০০/- টাকা। ১১/০৬/২০১৫ খ্রি: তারিখে =১,০২,৫০,০০০/- টাকা সুদ প্রদান করা হয় এবং ১৫% হারে আয়কর বাবদ =১৫,৩৭,৫০০/- কর্তন করা হয়। ফলে বর্তমান (৩০/০৬/২০১৫খ্রিঃ তারিখে) স্থিতির পরিমাণ =১০,৮৭,০৭,৫০০/- (মাত্র দশ কোটি সাতাশি লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা ***(সংযোজনী-৪)*** ।

# চতুর্থ পরিচ্ছেদ

## প্রশিক্ষণ

### ৪.১ প্রশিক্ষণ প্রাক কার্যক্রম ঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট বিচার বিভাগীয় বিভিন্ন স্তরের বিচারকবৃন্দ এবং আদালত সহায়ক কর্মচারী বৃন্দ সহ বিজ্ঞ জিপি-পিপি দের জন্য বিভিন্ন মেয়াদী প্রশিক্ষন কোর্সের আয়োজন করে থাকে। প্রতিটি প্রশিক্ষনই প্রশিক্ষন নীতিমালা দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়। প্রতিটি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে ইনস্টিটিউট কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে একটি নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষণার্থীদের তালিকা প্রণয়ন পূর্বক মনোনয়ন দানের জন্য অনুরোধ জ্ঞাপন করা হয়। আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে (বিচার বিভাগীয় কর্মকর্তাদের ক্ষেত্রে) প্রশিক্ষণার্থীদের মনোনয়নের বিষয়টি ইনস্টিটিউটকে অবহিত করে। আইন ও বিচার বিভাগের মনোনয়নের উপর ভিত্তি করে ইনস্টিটিউটের পক্ষ হতে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে উপ-আনুষ্ঠানিক পত্রের মাধ্যমে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আমন্ত্রন জানানো হয় এবং উক্ত পত্রের মাধ্যমে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত ধারণা দেয়া হয়।

### ৪.২ কোর্স ব্রসিউর ঃ

প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আমন্ত্রনপত্রের সাথে কোর্স ব্রসিউর প্রদান করা হয়। এতে ইনস্টিটিউটের মহাপরিচালক মহোদয়ের শুভেচ্ছা বাণী এবং কোর্স কারিকুলামসহ সংশিস্নষ্ট কোর্স সম্পর্কে যাবতীয় নির্দেশাবলী সংক্ষিপ্ত আকারে উলেস্নখ করা হয়। কোর্স ব্রসিউর এর মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ কোর্স ও এর সাথে সংশিস্নষ্ট বিষয় সম্পর্কে প্রশিক্ষণের পূর্বেই সম্যক ধারণা প্রাপ্ত হন।

### ৪.৩ প্রশিক্ষণ পরিচালনা ও প্রশিক্ষণ পদ্ধতিঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর আইন দ্বারা গঠিত পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিকুলামকে ভিত্তি করে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে আসছে। প্রশিক্ষণার্থীদেরকে প্রয়োজনমাফিক প্রশিক্ষণ প্রদানের জন্য বিচারিক দক্ষতা (Judicial skill), বিচারকালে উদ্ভুত সমস্যা ও সমাধান (Problems and solutions relating to trial of cases), কেস 'ল' ভিত্তিক মৌখিক উপস্থাপনা প্রোগ্রাম, Mock Trial, Group Discussion, Participatory Open Discussion ইত্যাদি বিষয় প্রশিক্ষণ কারিকুলামে অন্তর্ভূক্ত করা হয়েছে। 'বিচারিক দক্ষতা' সেশনে বিচারক প্রশিক্ষণার্থীগণ কর্তৃক আনিত রায়, ডিক্রী, ইস্যু, বিচার্য বিষয়, মৌখিক সাক্ষ্য রেকর্ডিং ইত্যাদি বিষয়ে যে সব ভুল-ত্রুটি থাকে, সেই সব বিষয়ে রিসোর্স পার্সনগণ আলোচনা ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন এবং প্রশিক্ষণার্থীগণ তৎদ্বারা নিজেদের ভুল-ত্রুটি সংশোধনের সুযোগ লাভ করেন। কেস 'ল' ভিত্তিক মৌখিক উপস্থাপনা কার্যক্রমে' উচ্চ আদালতের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ইনস্টিটিউট কর্তৃক প্রস্তুতকৃত সমস্যাসমূহ প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রদানপূর্বক এর সমাধান শ্রেণীকক্ষে সবার সামনে উপস্থাপন করতে দেয়া হয় এবং আলোচনা অন্তে এর সঠিক সিদ্ধান্ত সবাইকে শ্রেণিকক্ষে জানানো হয়। এ সবের দ্বারা বিচারকগণকে স্ব স্ব কর্মক্ষেত্রে বিভিন্ন মামলায় সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা হয়। প্রশিক্ষণ পদ্ধতির ক্ষেত্রে শ্রেণিকক্ষে আলোচনা ও মতামত উপস্থাপনা, গ্রম্নপ

ডিসকাশন, বিচারিক আদেশ ও রায় লিখন, গুরুত্বপূর্ণ আইনী সমস্যার উপর খোলাখুলি আলোচনা ও সমাধান, ব্রেইনস্টর্মিং (Brain-storming), ব্যক্তিগত উপস্থাপনাসহ প্যানেল বক্তৃতা ও সেমিনার পদ্ধতি অনুসরণ করা হয়। শ্রেণীকক্ষে আলোচিত বিষয়ের উপর প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকবৃন্দের মধ্যে মত বিনিময় হয়। এতে প্রশিক্ষণার্থীদের দক্ষতা ও পারদর্শিতা বৃদ্ধি পায়।

***কম্পিউটার প্রশিক্ষণ ঃ-*** বিভিন্ন আদালত ও ট্রাইব্যুনালে কর্মরত বিচারকদের বিচারিক দক্ষতা বৃদ্ধির নিমিত্ত পেশাভিত্তিক সুসংগঠিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার্থে ২০১৪-২০১৫ অর্থবৎসরে মোট ২৮৪ জন প্রশিক্ষণার্থীকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণে ব্যবহৃত অংশগ্রহণকারীদের নিকট প্রশিক্ষণ সংক্রান্ত চিঠি, কোর্স ব্রসিউর, অতিথি বক্তাদের নিকট প্রেরিত চিঠির নমুনা ও রুটিন-এর নমুনা ***(সংযোজনী- ৫ হতে ৮)*** সিরিজে দেখানো হল।

২০১৪-২০১৫ অর্থবৎসরে পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের নাম, প্রশিক্ষণার্থীর পদমর্যাদা, প্রশিক্ষণার্থীর সংখ্যা, সময়কাল নিম্নে দেখানো হলঃ

| *ক্রমিক নং* | *কোর্সের নাম* | *পদবী* | *প্রশিক্ষণার্থীর সংখ্যা* | | | *তারিখ* | *মোট সেশন সংখ্যা* |
|---|---|---|---|---|---|---|---|
| | | | *পুরুষ* | *মহিলা* | *মোট* | | |
| ১ | ১২৩তম রিফ্রেশার কোর্স | বিশেষ জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ৩৩ | ৪ | ৩৭ | ০৭/০৯/২০১৪ খ্রিঃ হইতে ১১/০৯/২০১৪ খ্রিঃ | ৩০ |
| ২ | ১২৪তম রিফ্রেশার কোস | যুগ্ম-জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ১৯ | ১২ | ৩১ | ১৪/০৯/২০১৪ খ্রিঃ হইতে ২৫/০৯/২০১৪ খ্রিঃ | ৭৩ |
| ৩ | ৩০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | সহকারী জজ | ২৩ | ৯ | ৩২ | ২৬/১০/২০১৪ খ্রিঃ হইতে ২৫/১২/২০১৪ | ২৭৭ |
| ৪ | ১২৫তম রিফ্রেশার কোর্স | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ৩৪ | ২ | ৩৬ | ০৬/০১/২০১৫ খ্রিঃ হইতে ১৫/০১/২০১৫ খ্রিঃ | ৫৪ |
| ৫ | ৩১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | সহকারী জজ | ২৭ | ১৬ | ৪৩ | ২৯/০১/২০১৫ খ্রিঃ হইতে ৩১/০৩/২০১৫ খ্রিঃ | ৩০৪ |
| ৬ | ১২৬তম রিফ্রেশার কোস | সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ২৪ | ৭ | ৩১ | ১২/০৪/২০১৫ খ্রিঃ হইতে ০২/০৫/২০১৫ খ্রিঃ | ১০৮ |
| ৭ | ১৮তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্স | জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ৩২ | ৬ | ৩৮ | ১০/০৫/২০১৫ খ্রিঃ হইতে ১৬/০৫/২০১৫ খ্রিঃ | ৩৫ |
| ৮ | ১৬তম বিশেষ প্রশিক্ষণ কোর্স | সরকারি উকিল (জিপি) ও সরকারি | ৩৫ | ১ | ৩৬ | ০৮/০৬/২০১৫ খ্রিঃ হইতে | ৩৮ |

| ক্রমিক নং | কোর্সের নাম | পদবী | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | তারিখ | মোট সেশন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | | |
| | | কৌশুলী (পিপি) | | | | ১৪/০৬/২০১৫ খ্রিঃ | |
| **সর্বমোট ৮ টি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের সংখ্যা ২৮৪ জন** | | | | | | | |

২০১৪-২০১৫ অর্থবৎসরে পরিচালিত বিভিন্ন ওয়ার্কশপ/সেমিনার সমূহের নাম, প্রশিক্ষণার্থীর পদমর্যাদা, প্রশিক্ষণার্থীর সংখ্যা, সময়কাল নিম্নে দেখানো হলঃ

| ক্রমিক নং | কোর্সের নাম | পদবী | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | তারিখ |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য হিউমেন রাইটস ট্রেনিং | সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ২০ | ৯ | ২৯ | ০১/০৯/২০১৪ খ্রিঃ হইতে ০২/০৯/২০১৪ খ্রিঃ |
| ২ | বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য হিউমেন রাইটস ট্রেনিং | যুগ্ম জেলা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ২৯ | - | ২৯ | ০৩/০৯/২০১৪ খ্রিঃ হইতে ০৪/০৯/২০১৪ খ্রিঃ |
| ৩ | প্রবেশন বিষয়ক কর্মশালা | অতিরিক্ত দায়রা জজ (বিচারক, শিশু আদালত) | ২৬ | ৩ | ২৯ | ০৬/০৯/২০১৪ খ্রিঃ |
| ৪ | কেস ম্যানেজমেন্ট ট্রেনিং কোর্স | সহকারী জজ/সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ১৭ | ২ | ১৯ | ১৬/০৯/২০১৪ খ্রিঃ হইতে ১৮/০৯/২০১৪ খ্রিঃ |
| ৫ | মিডিয়েসন প্রাকটিসনার ট্রেনিং | সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ২৩ | ৬ | ২৯ | ১৫/১০/২০১৪ খ্রিঃ হইতে ১৬/১০/২০১৪ খ্রিঃ |
| ৬ | জুডিসিয়াল মিডিয়েসন স্কিল ট্রেনিং | যুগ্ম জেলা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্ত | ২৩ | ৬ | ২৯ | ১৮/১০/২০১৪ খ্রিঃ হইতে ২০/১০/২০১৪ খ্রিঃ |
| ৭ | প্রবেশন বিষয়ক কর্মশালা | অতিরিক্ত দায়রা জজ (বিচারক, শিশু আদালত) | ৩৫ | ৩ | ৩৮ | ১৪/০৩/২০১৫ খ্রিঃ |
| ৮ | কোর্ট এডমিনিসট্রেশন এন্ড কেস মেনেজমেন্ট ট্রেনিং | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ যুগ্ম জেলা জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | ২১ | ৩ | ২৪ | ২৩/০৩/২০১৫ খ্রিঃ হইতে ২৫/০৩/২০১৫ খ্রিঃ |

## ৪.৪ অনুষদ সদস্যগণ কর্তৃক গৃহীত অধিবেশনের বিবরণ ঃ

ইনস্টিটিউট কতর্ক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তাগণের পাশাপাশি অনুষদ সদস্যগণও বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন, যার বিবরণ নিম্নে প্রদান করা হলঃ

| *ক্রমিক নং* | *প্রশিক্ষণের নাম* | *অনুষদ সদস্যদের পদবী* | *অধিবেশন সংখ্যা* |
|---|---|---|---|
| ১ | ১২৩তম রিফ্রেশার কোর্স | মহাপরিচালক | ৪ |
| ২ | ১২৪তম রিফ্রেশার কোস | মহাপরিচালক<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>পরিচালক (প্রশাসন) | ১৪<br>২<br>২ |
| ৩ | ৩০তম বুনিয়াদি প্রশিড়্গাণ কোর্স | মহাপরিচালক<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>পরিচালক (প্রশাসন)<br>পরিচালক (গ/প্র)<br>উপ-পরিচালক (প্রশিড়্গাণ)<br>সহকারী পরিচালক (প্রশিড়্গাণ)<br>গবেষণা কর্মকর্তা | ৩১<br>৭<br>৮<br>২<br>১<br>১<br>১ |
| ৪ | ১২৫তম রিফ্রেশার কোস | মহাপরিচালক<br>পরিচালক (পশিক্ষণ) | ১৩<br>১ |
| ৫ | ৩১তম বুনিয়াদি প্রশিড়্গাণ কোর্স | মহাপরিচালক<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>পরিচালক (প্রশাসন)<br>পরিচালক (গ/প্র)<br>উপ-পরিচালক (প্রশিড়্গাণ)<br>উপ-পরিচালক (গ/প্র)<br>গবেষণা কর্মকর্তা | ৩০<br>৮<br>৭<br>৩<br>২<br>১<br>১ |
| ৬ | ১২৬তম রিফ্রেশার কোস | মহাপরিচালক<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>পরিচালক (প্রশাসন)<br>উপ-পরিচালক (প্রশিড়্গাণ) | ১৩<br>১<br>২<br>১ |
| ৭ | ১৮তম বিচার প্রশাসন প্রশিড়্গাণ কোর্স | মহাপরিচালক | ১১ |
| ৮ | ১৬তম বিশেষ প্রশিড়্গাণ কোর্স | মহাপরিচালক | ৩ |

### ৪.৫ রিসোর্স পার্সনগণ কর্তৃক গৃহীত অধিবেশনের বিবরণ ঃ

ইনস্টিটিউট এর প্রশিক্ষণ কার্যকর করার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ ও বিশেষজ্ঞগণকে অতিথি বক্তা হিসাবে প্রশিক্ষণ প্রদান করতে অনুরোধ করে। এই অর্থ বছরে অনুষ্ঠিত মোট ৮ টি কোর্সে বিভিন্ন অধিবেশনে তাঁদের অবদানের বিবরণী নিম্নে দেয়া হলঃ

| *ক্রমিক নং* | *কোর্সের নাম* | *সুপ্রীমকোর্টের মাননীয় বিচারপতি* | *উর্দ্ধতন সরকারি কর্মকর্তা* | *বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ রিসোর্স পার্সন* |
|---|---|---|---|---|
| ১ | ১২৩তম রিফ্রেশার কোর্স | ১১ | ৬ | ৯ |
| ২ | ১২৪তম রিফ্রেশার কোস | ২৭ | ১১ | ৮ |
| ৩ | ৩০তম বুনিয়াদি প্রশিড়্গণ কোর্স | ৬৮ | ৭৬ | ৪৫ |
| ৪ | ১২৫তম রিফ্রেশার কোস | ২৫ | ৩ | ৩ |
| ৫ | ৩১তম বুনিয়াদি প্রশিড়্গণ কোর্স | ৮১ | ৬৫ | ৪৬ |
| ৬ | ১২৬তম রিফ্রেশার কোস | ৩০ | ১৬ | ১১ |
| ৭ | ১৮তম বিচার প্রশাসন প্রশিড়্গণ কোর্স | ১২ | ৩ | ৩ |
| ৮ | ১৬তম বিশেষ প্রশিড়্গণ কোর্স | ১৬ | ৮ | ১১ |

### ৪.৬ প্রশিক্ষণার্থীদের Training Impact Assessment এর বিবরণী ঃ

১৯৯৭ সনে আনুষ্ঠানিকভাবে ইনস্টিটিউট উদ্বোধনের পর হতে প্রত্যেকটি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ফলাফল গ্রেড আকারে প্রকাশ করা হয়। এ অর্থবছরে সর্বমোট ৮টি প্রশিক্ষণ কোর্স সমাপ্ত হয়। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থাদের ফলাফল নির্ধারিত মান অনুযায়ী গ্রেডিং করা হয়েছে যার একটি পরিসংখ্যান নিম্নে দেখানো হলঃ

*(ক) Outstanding (Above 80%)*
*(খ) Good (65% to 80%)*
*(গ) Average (50% to 64%)*
*(ঘ) Below Average (Below 50%)*

***Grade***

| | | |
|---|---|---|
| *80% and Above* | - | *A+* |
| *70% to 79%* | - | *A* |
| *60% to 69%* | - | *A-* |
| *50% to 59%* | - | *B* |
| *Below 50%* | - | *F* |

| ক্রমিক নং | কোর্সের নাম | পরীক্ষায় অংশগ্রহণকারী কর্মকর্তার সংখ্যা | পদবী | গ্রেডিং | ফলাফল |
|---|---|---|---|---|---|
| ১ | ১২৩তম রিফ্রেশার কোর্স | ৩৭ | বিশেষ জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | (ক) Outstanding | পরীক্ষা হয় নাই |
| | | | | (খ) Good | |
| | | | | (গ) Average | |
| | | | | (ঘ) Below Average | |
| ২ | ১২৪তম রিফ্রেশার কোস | ৩১ | যুগ্ম-জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | (ক) Outstanding | নাই |
| | | | | (খ) Good | ১১ |
| | | | | (গ) Average | ১৮ |
| | | | | (ঘ) Below Average | ২ |
| ৩ | ৩০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ৩২ | সহকারী জজ | (ক) Outstanding | ৪ |
| | | | | (খ) Good | ২৫ |
| | | | | (গ) Average | ৩ |
| | | | | (ঘ) Below Average | নাই |
| ৪ | ১২৫তম রিফ্রেশার কোস | ৩৬ | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | (ক) Outstanding | নাই |
| | | | | (খ) Good | ২৬ |
| | | | | (গ) Average | ১০ |
| | | | | (ঘ) Below Average | নাই |
| ৫ | ৩১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ৪৩ | সহকারী জজ | (ক) Outstanding | ৩ |
| | | | | (খ) Good | ৩৯ |
| | | | | (গ) Average | ১ |
| | | | | (ঘ) Below Average | নাই |
| ৬ | ১২৬তম রিফ্রেশার কোস | ৩১ | সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | (ক) A+ | ৭ |
| | | | | (খ) A | ১৬ |
| | | | | (গ) A- | ৮ |
| | | | | (ঘ) B | নাই |
| | | | | (ঙ) F | নাই |
| ৭ | ১৮তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্স | ৩৮ | জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা | (ক) A+ | ৩৮ |
| | | | | (খ) A | নাই |
| | | | | (গ) A- | নাই |
| | | | | (ঘ) B | নাই |
| | | | | (ঙ) F | নাই |
| ৮ | ১৬তম বিশেষ প্রশিক্ষণ কোর্স | ৩৬ | সরকারি উকিল (জিপি) ও সরকারি কৌঁশুলী (পিপি) | (ক) A+ | পরীক্ষা হয় নাই |
| | | | | (খ) A | |
| | | | | (গ) A- | |
| | | | | (ঘ) B | |
| | | | | (ঙ) F | |

## ৪.৭ কোর্স উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানসমূহ ঃ

ইনিস্টিটিউট কর্তৃক আয়োজিত সকল কোর্স উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে শুরম্ন ও সনদপত্র বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে শেষ হয়। প্রতিটি সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান শেষে অনাড়ম্বর নৈশ ভোজের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানসমূহের বিবরণ দেয়া হল ঃ

***উদ্বোধনী অনুষ্ঠান ঃ***

| *ক্রমিক নং* | *কোর্সের নাম* | *প্রধান অতিথির নাম* |
|---|---|---|
| ১ | ১২৩তম রিফ্রেশার কোর্স | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ২ | ১২৪তম রিফ্রেশার কোস | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ৩ | ৩০তম বুনিয়াদি প্রশিড়্গণ কোর্স | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ৪ | ১২৫তম রিফ্রেশার কোস | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ৫ | ৩১তম বুনিয়াদি প্রশিড়্গণ কোর্স | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ৬ | ১২৬তম রিফ্রেশার কোস | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ৭ | ১৮তম বিচার প্রশাসন প্রশিড়্গণ কোর্স (Address to the participants by Hon’ble Minister for Law, Justice and Parliamentary Affairs) | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |
| ৮ | ১৬তম বিশেষ প্রশিড়্গণ কোর্স (Address to the participants by Hon’ble Minister for Law, Justice and Parliamentary Affairs) | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি. |

**৪.৮ সমাপনী অনুষ্ঠান ঃ**

| *ক্রমিক নং* | *কোর্সের নাম* | *প্রধান অতিথির নাম* |
|---|---|---|
| ১ | ১২৩তম রিফ্রেশার কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব মোঃ মোজাম্মেল হোসেন |
| ২ | ১২৪তম রিফ্রেশার কোস | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব মোঃ মোজাম্মেল হোসেন |
| ৩ | ৩০তম বুনিয়াদি প্রশিক্ষাণ কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব মোঃ মোজাম্মেল হোসেন |
| ৪ | ১২৫তম রিফ্রেশার কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব মোঃ মোজাম্মেল হোসেন |
| ৫ | ৩১তম বুনিয়াদি প্রশিক্ষাণ কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিন্‌হা |
| ৬ | ১২৬তম রিফ্রেশার কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিন্‌হা |
| ৭ | ১৮তম বিচার প্রশাসন প্রশিক্ষাণ কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিন্‌হা |
| ৮ | ১৬তম বিশেষ প্রশিক্ষাণ কোর্স | বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিন্‌হা |

# পঞ্চম পরিচ্ছেদ

## প্রশাসন, সংগঠন ও ব্যবস্থাপনা

**৫.১ প্রশাসন, সংগঠন, ব্যবস্থাপনা এবং নিয়োগ ঃ**

অত্র ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা মাননীয় মহাপরিচালক। তাঁর সার্বিক তত্ত্বাবধানে এবং উপদেশ ও দিক-নির্দেশনা অনুসারে পরিচালক, উপ-পরিচালক ও সহকারী পরিচালক এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ ইনস্টিটিউটের প্রশাসনিক, সাংগঠনিক, নিয়োগ এবং অন্যান্য কার্যাদী সম্পাদন করে থাকেন।

**৫.২ প্রবিধানমালা ও নিয়োগ পদ্ধতি ঃ**

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ এর ১৯ ধারার বিধান মতে ইনস্টিটিউট সরকারের পূর্ব অনুমোদনক্রমে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৭ প্রণয়ন করেছে এবং গেজেট বিজ্ঞপ্তি আকারে তা প্রকাশিত হয়েছে। উক্ত প্রবিধানমালার তফসিলে বর্ণিত শর্ত ও যোগ্যতা অনুসারে সরকারের অনুমোদন সাপেক্ষে ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীগণকে নিয়োগ দেয়া হয়।

২০১৪-১৫ অর্থ বছরে অত্র ইনস্টিটিউটের ডাটা এন্ট্রি অপারেটরের শূণ্য পদে ১(এক) জন এবং আউটসোসিং পদ্ধতিতে ডরমিটরী এটেনডেন্ট পদে ২(দুই) জন কে নিয়োগ প্রদান করা হয়েছে।

উলেস্নখ্য যে, পরিচালনা বোর্ডের ২৬তম সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সরকার আউটসোসিং পদ্ধতিতে অত্র ইনস্টিটিউটের ডরমিটরির জন্য ০২টি ডরমিটরি বয়-এর পদ সৃজনে সম্মতি প্রদান করার প্রেক্ষিতে উক্ত নিয়োগ প্রদান করা হয়।

**৫.৩ পরিচালনা পরিষদের সভা ঃ**

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালনা পরিষদের ২৬তম সভা বিগত ০৪/০৩/২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোকে ইতোমধ্যেই ইনস্টিটিউটের DANIDA-JATI প্রকল্প হতে প্রাপ্ত ৪টি গাড়ি ও ৪টি গাড়ি চালকের পদ টিওএন্ডই-তে অন্তর্ভূক্তিকরণের লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে। অধিকন্তু, অত্র ইনস্টিটিউটের জন্য ১৯টি পদ সৃজনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও পরিচালনা বোর্ডের সিদ্ধান্তের আলোকে একটি কোর্স ক্যালেন্ডার ও প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত সভায় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী সহকারী জজগণের শরীর ও মনের উৎকর্ষ সাধনে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসমূহে শরীর চর্চা বিষয়ক একজন প্রশিক্ষক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইনস্টিটিউটের কেয়ারটেকার ও স্টোরকিপারের পদ দুটিকে ২য় শ্রেণীর পদে উন্নীতকরণের লক্ষ্যে ইতোমধ্যেই জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অধিকন্তু, ২৬তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে ইনস্টিটিউটের পুরাতন লোগো পরিবর্তন করে বিগত ০১/০৬/২০১৫খ্রিঃ তারিখ হতে নতুন লোগো প্রবর্তন করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তসমূহের কপি (***সংযোজনী--৯*** ) দ্রষ্টব্য।

### ৫.৪ ভবন উর্দ্ধমূখী সম্প্রসারণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের ১০ম তলা হতে ১২তম তলা পর্যন্ত উর্দ্ধমূখী সম্প্রসারনের লক্ষ্যে নকশা প্রণয়নক্রমে তা ইনস্টিটিউটের নিকট সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৩/০৪/২০১৪ খ্রিঃ তারিখে প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা-র নিকট ইনস্টিটিউট হতে পত্র লেখা হলে স্থাপত্য অধিদপ্তর অত্র ইনস্টিটিউটের চাহিদার আলোকে একটি নকশা প্রণয়ন করে বিগত ২৬/০১/২০১৫খ্রিঃ তারিখে তা অত্র ইনস্টিটিউট বরাবরে প্রেরণ করে। উক্ত নকশার আলোকে প্রাক্কলন তৈরী করে তা অত্র ইনস্টিটিউটকে অবহিত করার জন্য ইতোমধ্যে প্রধান স্থাপতি বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে।

### ৫.৫ JATI Complex সম্প্রসারণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ঃ

ইনস্টিটিউট বর্তমানে ০.৬৯ একর জমির উপর প্রতিষ্ঠিত। ভবনটিতে বর্তমানে আইন কমিশন ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের কার্যালয় অবস্থিত। ফলে ভবনে অত্র প্রতিষ্ঠানের জায়গা সংকট সৃষ্টি হয়েছে। বর্তমানে বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা দ্বিগুনেরও বেশী বৃদ্ধি পাওয়ায় আবাসিক সংকটের কারণে ইনস্টিটিউটে এক সাথে একটির বেশী কোর্স পরিচালনা করা সম্ভব হচ্ছে না। এতে অনেকেরই প্রয়োজন থাকা সত্ত্বেও প্রশিক্ষণ বঞ্চিত হচ্ছেন। এ অবস্থা বিবেচনা করে ইনস্টিটিউটের ২৬ তম বোর্ড সভায় সর্বসম্মতিক্রমে ইনস্টিটিউটের উত্তর পার্শ্বে অবস্থিত থানা ও মৌজা-রমনা, সি.এস. ও আর.এস. খতিয়ান নং-১, সি.এস. দাগ নং ১০৮, আর.এস.দাগ নং-১২৬৯, সিটি জরিপ হাল দাগ নং-৪৮২০ (জমির পরিমান ১.০০ একর) এবং দাগ নং-৪৮২১ (জমির পরিমান ০.৩১৮০ একর) সরকারি জায়গা ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ পাওয়ার লক্ষ্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলে ইতোমধ্যে তা প্রেরণ করা হয়েছে।

### ৫.৬ ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন ঃ

বিচার বিভাগীয় কর্মকর্তাগণের একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিধায় অত্র ইনস্টিটিউট সরকারের Key Point Installation (KPI) হিসাবে বিবেচিত। বিভিন্ন সময়ে অনেক চাঞ্চল্যকর ও গুরুত্বপূর্ণ মামলার রায় প্রদানকারী বিচারকগণ এখানে অনুষদ সদস্য, প্রশিক্ষক বা প্রশিক্ষণার্থী হিসাবে আগমন ও ডরমিটরিতে অবস্থান করে থাকেন। তাদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে ইনস্টিটিউটে UNDP-এর Justice Sector Facility (JSF) এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে ভবনের বিভিন্ন অংশে ১৬টি ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হয়েছে। ফলে এখানে অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা অনেকাংশে নিশ্চিত হয়েছে।

### ৫.৭ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে MoU স্বাক্ষর ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ ঃ

প্রশিক্ষণকে মান সম্পন্ন ও যুগোপযোগি করার লক্ষ্যে বিগত অর্থ বছরে UNDP-এর অর্থায়নে পরিচালিত Justice Sector Facility (JSF) এবং Judicial Strengthening (JUST) Project-এর সাথে অত্র ইনস্টিটিউটের দুটি পৃথক MoU স্বাক্ষরিত হয়। উক্ত MoU এর আওতায় অত্র ইনস্টিটিউট Justice Sector Facility (JSF) হতে আধুনিক প্রশিক্ষণ সামগ্রীর অংশ হিসেবে বিভিন্ন প্রকার ICT Equipment লাভ করে **(সংযোজনী-১০)**। এছাড়াও একই প্রকল্পের আওতায় ইনস্টিটিউটের প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে ১০টি পৃথক

মডিউল প্রস্তুত করার জন্য একজন কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে। অধিকন্তু, UNDP-এর অর্থায়নে অত্র প্রতিষ্ঠানের জন্য পাঁচ বছর মেয়াদী একটি স্ট্রেটেজিক পস্নান প্রণয়ন করা হয়েছে। অত্র ইনস্টিটিউট JUST Project-এর আওতায় বিগত ১৬/০৯/২০১৪ খ্রিঃ তারিখ হতে ১৮/০৯/২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সহকারী জজ/সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য Case Management শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে। মোট ২০জন প্রশিক্ষণার্থী উক্ত কোর্সে অংশ গ্রহণ করেন। এছাড়াও USAID-এর Justice for All Program শীর্ষক প্রকল্পের আওতায় বিগত ২৩-২৫ মার্চ, ২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত Court Administration and Case Management ও Training of Trainers-শীর্ষক প্রশিক্ষণ কোর্সে ২৪ জন যুগ্ম জেলা জজ ও অতিরিক্ত জেলা জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা অংশ গ্রহণ করেন। Chief Justice Torres of the Guam Supreme Court এবং মার্কিন যুক্তরাষ্ট্রের National Centre for State Courts এর ভাইস প্রেসিডেন্ট Mr. Daniel Hall উক্ত কোর্সের রিসোর্স পার্সন হিসাবে দায়িত্ব পালন করেন। উক্ত কোর্সটি সাফল্যমন্ডিতভাবে সমাপ্ত করার লক্ষ্যে USAID-এর পক্ষ হতে ইনস্টিটিউটকে অনুদান হিসাবে স্ক্রীনসহ একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদান করা হয়।

**৫.৮ ওয়েব সাইট তৈরী এবং ই-লাইব্রেরী প্রতিষ্ঠা ঃ**

বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণ করেছে। দেশের প্রত্যন্ত অঞ্চলসমূহেও বর্তমানে ডিজিটাল প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। ইনস্টিটিউটকে একটি আধুনিক ও যুগপোযোগী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার লক্ষ্যে সরকারি সহায়তার পাশাপাশি বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান হতেও অত্র ইনস্টিটিউট প্রয়োজনীয় সহায়তা পাওয়ার জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। তারই ধারাবাহিকতায় UNDP-এর অর্থায়নে পরিচালিত Justice Sector Facility (JSF) প্রকল্পের আওতায় ইনস্টিটিউট তার নিজস্ব ওয়েব সাইট (www.jati.org.bd) তৈরী করেছে। এছাড়াও একই প্রকল্পের আওতায় ইনস্টিটিউট ই-লাইব্রেরী স্থাপনের কার্যক্রম হাতে নিয়েছে। বর্তমানে এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

# ষষ্ঠ পরিচ্ছেদ

## গবেষণা ও প্রকাশনা

### ৬.১ প্রকাশনা ঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ এর ৭(চ) ধারায় বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা বিষয়ে সাময়িকী, প্রতিবেদন ইত্যাদি প্রকাশের বিধান রয়েছে। গবেষণা ও প্রকাশনা শাখা বিগত ২০০২ খ্রিস্টাব্দ হতে নিয়মিতভাবে প্রতি বছর JATI Journal প্রকাশ করে আসছে। উক্ত ধারাবহিকতায় গত অর্থ বছরে গবেষণা ও প্রকাশনা শাখা JATI Journal, Volume X1V, June 2015 প্রকাশ করেছে। উলেস্নখ্য, উক্ত প্রকাশনাটি আন্তর্জাতিকীকরণের লক্ষ্যে বিগত ২০১০ সনে Bibliographic Data Section, ISSN International Centre, 45 rue de Turbigo, 75003, Paris, France-এ যোগাযোগ করা হলে উক্ত প্রতিষ্ঠান হতে ইনস্টিটিউট বরাবরে International Standard Series Number (ISSN-2220-6752) প্রদান করা হয়। বর্তমানে JATI Journal-এ নিয়মিতভাবে উক্ত সিরিজ নম্বরটি ব্যবহার করা হচ্ছে। JATI Journal, Volume XIV, June 2015-এ লেখক ও লেখার শিরোনাম সম্বলিত তালিকা নিম্নে দেখানো হলো।

**লেখক ও লেখার শিরোনাম সম্বলিত তালিকা নিম্নরূপ ঃ**

| *Sl. No.* | *Name of the Writer* | **Title of the Articles** |
|---|---|---|
| 1. | Justice Khondker Musa Khaled | The Judiciary in Bangladesh |
| 2. | Dr. Md. Akhtaruzzuman | Access to Justice for Women in Bangladesh with particular emphasis on ADR |
| 3. | Atwar Rahman<br>Mohammad Mahdy Hassan | Necessity of legislation for the protection of witness in Bangladesh : A legal study |
| 4. | A.M. Julfiker Hayet | Introducing Camp Court in Prison: Bangladesh Perspective |
| 5. | Mohammad Saifur Rahman | Cybercrime: Substantively a new challenge for Bangladesh |
| 6. | Hussain Mohmmad Fazlul Bari | Discretion in sentencing in Bangladesh: Aggravation and Mitigation |
| 7. | Md. Tohidul Islam<br>Mst. Hamida Khatun | An Appraisal of the Provisions of Service of Summons in the Light of the Code of Civil Procedure (Amendment) Act, 2012 |
| 8. | Al Asad Md. Mahmudul Islam | Emergence of Crime against humanity to the centrality of the ICC’s jurisprudence: contentions and expectations |
| 9. | Mst. Kanij Fatima | Human Trafficking: Responsibility of the Government of Bangladesh |

| *Sl. No.* | *Name of the Writer* | **Title of the Articles** |
|---|---|---|
| 10. | Md. Mahboob Sobhani | Food Adulteration: The Bangladesh Paradox |
| 11. | Abul Hasanat<br>Nargis Aktar | 'Reasonable Doubt' in Criminal Cases: A Legal Analysis |
| 12. | Md. Fahim Foysal | Fair Trial Rights and International Crimes Tribunal, Bangladesh (ICT-BD): A comparative analysis |
| 13. | Farjana Yesmin | Instream Uses of Water Law-A Comparative Analysis between California and Bangladesh |
| 14. | Md. Anayet Ullah | Commercial Arbitration as a Source of International Business Dispute Resolution |
| 15. | Abdullah Al Yousuf | Human Rights and Development: Points of Intersection |
| 16. | Nusrat Jahan Urmi | Potential Contribution Of Fact-finding Commission In Resolving Disputes Over Shared Watercourses: Bangladesh Perspective |
| 17. | Md. Iqbal Mahmud<br>Mujib Ahmmad Patwary<br>Md. Minhaz Uddin | Challenges of Village Court and Its Effectiveness on Criminal Justice System in Bangladesh |
| 18. | Dr. Nazmul Ahsan Kalimullah<br>Dr. Kabir M. Ashraf Alam<br>M.M. Ashaduzzaman Nour | Administrative Tribunals in Bangladesh: Nature and Jurisdiction |
| 19. | Syed Sarfaraj Hamid | National and International Concern of Legal Aid: A Significant Study |
| 20. | Md. Shibly Islam | Marital Rape and its Legal Consequences in Bangladesh |

**৬.২ ইনস্টিটিউটের গ্রন্থাগার ঃ**

ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারী ও প্রশিক্ষণার্থীগণের ব্যবহারের প্রয়োজনে অত্র ইনস্টিটিউটে একটি শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক গ্রন্থাগার রয়েছে। এই গ্রন্থাগারটিকে আইন বিষয়ক বিভিন্ন দেশী-বিদেশী পুস্তক ও সাময়িকী সংগ্রহের মাধ্যমে সমৃদ্ধ করতে নিয়মিত চেষ্টা করা হচ্ছে। ইতোমধ্যে গ্রন্থাগারের পুস্তক ও গেজেটের মোট সংখ্যা ১৯৬২২-এ উন্নীত হয়েছে। প্রশিক্ষণার্থীদের চাহিদার আলোকে প্রতি বছর নতুন নতুন আইন পুস্তক ক্রয় ও সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে সরকারি তহবিল হতে প্রাপ্ত =৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ৭৮৭ কপি পুস্তক ও সাময়িকী ক্রয় করা হয়েছে। বর্তমানে গ্রন্থাগারে প্রশিক্ষণার্থীদের ব্যবহারের প্রয়োজনে ইন্টারনেট সংযোগ চালু রয়েছে। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ গ্রহণকালে তাদের প্রয়োজনে নিয়মিতভাবে এ সুবিধা গ্রহণ করে

থাকেন। গ্রন্থাগারটিকে E-Library সুবিধা প্রবর্তনের মাধ্যমে আরো আধুনিকীকরণের লক্ষ্যে ইনস্টিটিউট নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে।

# সপ্তম পরিচ্ছেদ

## উপসংহার

১২তলা ভিত্তিসহ প্রায় ১ লক্ষ ৮ হাজার বর্গফুট সম্বলিত (৬তলা পর্যন্ত সম্পূর্ণ এবং ৭তলার আংশিক সহ) বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কমপেস্নক্স-এ আধুনিক সুযোগ-সুবিধাসহ সেমিনার হল, লাইব্রেরী কক্ষ, কনফারেন্স রম্নম, লেকচার থিয়েটার রম্নম, অফিস রম্নম, ক্লাস রম্নম, মক কোর্ট, কম্পিউটার রম্নম, কম্পিউটার ট্রেনিং রম্নম, মাল্টিমিডিয়া রম্নম, ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান তথা বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অফিস কড়্গ, মহাপরিচালকের ডুপেস্নক্স বাসভবন, ১৭ কক্ষ বিশিষ্ট ডরমিটরী, ক্যাফেটেরিয়া, নামাজের কক্ষ, অতিথি কড়্গ, খেলাঘর, ২টি লিফট ও প্রায় ৩৭ টি গাড়ী পার্কিং-এর ব্যবস্থাসহ বেইজমেন্ট রয়েছে।

অত্র ইনস্টিটিউট আদালত পরিচালনা ও মামলা ব্যবস্থাপনা সম্পর্কে এবং অল্প সময়ে কম খরচে দ্রম্নত মামলা নিষ্পত্তি করার উদ্দেশ্যে প্রশিড়্গণ কার্যক্রমের মাধ্যমে বিচারক, বিচার সংশিস্নষ্ট কর্মকর্তা/কর্মচারী ও সরকারি মামলা পরিচালনার দায়িত্ব পালনকারী আইন কর্মকর্তাগণের (জি.পি. ও পি.পি.) জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং উন্নয়নের চেষ্টা অব্যাহত রেখেছে এবং প্রতি বছরের মত ২০১৪-১৫ অর্থ বছরেও এর উপর অর্পিত দায়িত্ব সুন্দরভাবে সম্পন্নের চেষ্টা করেছে। প্রশিক্ষণ কর্মসূচীকে আরও ফলপ্রসূ করার জন্য প্রশিক্ষণ ব্যবস্থায় গঠনমূলক পরিবর্তন আনা হয়েছে।

অত্র বছরে মোট ০৭টি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী ২৪৬ জন বিচারক তাদের প্রশিক্ষণ ফলপ্রসূ হয়েছে মর্মে Terminal Evaluation-এ অভিব্যক্তি প্রকাশের মাধ্যমে ইনস্টিটিউটের সাফল্যের স্বীকৃতি প্রদান করেছেন।

এটি নিঃসন্দেহে বলা যায় যে, সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের অব্যাহত সমর্থন ও সহযোগিতার মাধ্যমে ইনস্টিটিউট এগিয়ে যাচ্ছে এবং সংশিস্নষ্ট সকলের আন্তরিক সহযোগিতা অব্যাহত থাকলে ইনস্টিটিউট এর উদ্দেশ্য সাধনে নিশ্চিত সাফল্যমন্ডিত হবে।

# পরিশিষ্ট

**সংযোজনীসমূহ**

১। মাননীয় মহাপরিচালকের নিয়োগ সংক্রান্ত এবং পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রজ্ঞাপনদ্বয় **(সংযোজনা-১,১(ক))**।

২। কর্মকর্তা ও কর্মচারীর নামের তালিকা **(সংযোজনী-২)**।

৩। ২০১৪-১৫ অর্থ বছরে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের অনুকূলে বাজেট মঞ্জুরীপত্র **(সংযোজনী-৩)**।

৪। ১০ কোটি টাকা Endowment Fund হিসেবে বরাদ্দ প্রদান সংক্রান্তে আইন ও বিচার বিভাগ কর্তৃক প্রেরিত পত্র **(সংযোজনী-৪)**।

৫। প্রশিক্ষণ সংক্রান্ত অংশগ্রহণকারীদের নিকট প্রেরিত একটি চিঠির নমুনা **(সংযোজনী-৫)**।

৬। কোর্স ব্রসিউর এর নমুনা **(সংযোজনী-৬)**।

৭। প্রশিক্ষণ সংক্রান্ত সম্মানিত অতিথি বক্তাদের নিকট প্রেরিত একটি চিঠির নমুনা **(সংযোজনী-৭)**।

৮। প্রশিক্ষণ সংক্রান্ত ক্লাস রুটিন **(সংযোজনী-৮)**।

৯। ২৬তম বোর্ড সভার সিদ্ধান্তের কপি **(সংযোজনী-৯)**।

**১০**। Justice Sector Facility (JSF) হতে আধুনিক প্রশিক্ষণ সামগ্রীর অংশ হিসেবে প্রাপ্ত বিভিন্ন প্রকার ICT Equipment সংক্রান্ত কপি **(সংযোজনী-১০)**।